দৈনিক ইত্তেফাক
THE DAILY ITTEFAQ
প্রতিষ্ঠাতা ঃ তফাজ্জল হোসেন মানিক মিয়া

সেপ্টেম্বর ০৩, ২০০৭, সোমবার : ভাদ্র ১৯, ১৪১৪

আপডেট বাংলাদেশ সময় রাত ১২:০০

প্রথম পাতা
শেষ পাতা
অন্যান্য
সম্পাদকীয়
চিঠিপত্র
দৃষ্টিকোণ
রাজধানীর আশেপাশে
আইটি কর্ণার
বিশ্ব সংবাদ
খেলার খবর
শেয়ার বাজার
রাশিফল

ঢাকা
চট্টগ্রাম
রাজশাহী
খুলনা
সিলেট
বরিশাল

তথ্যপ্রযুক্তি
এই নগরী
ক্রীড়াঙ্গণ
চট্টগ্রাম নগরী

কড়চা
অর্থনীতি
সাহিত্য সাময়িকী
কচি-কাঁচার আসর

পুলিশী ব্যবস্থায় সংস্কার করতে বহুমুখী পদক্ষেপ নেয়া হয়েছে ঃ প্রধান উপদেষ্টা

প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ রবিবার জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের মধ্যে সার ও সবজি বীজ বিতরণ করেন –পিআইডি

।। সারদা (রাজশাহী) থেকে বাসস ।।

প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ বলেছেন, পুলিশ বাহিনীর মানসিকতায় ইতিবাচক পরিবর্তন আনতে পারলে দেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন সম্ভব হবে। সরকার পুলিশী ব্যবস্থায় সংস্কার করতে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে উলেখ করে তিনি বলেন, পুলিশ বিভাগে দুর্নীতি রোধে অভ্যন্তরীণ তত্ত্বাবধান ও পর্যবেক্ষণ জোরদার করা হয়েছে।

প্রধান উপদেষ্টা গতকাল সারদার বাংলাদেশ পুলিশ একাডেমি প্যারেড গ্রাউন্ডে ২৫তম বিসিএস (পুলিশ) ক্যাডারের নব-প্রশিক্ষণপ্রাপ্ত এসিস্ট্যান্ট সুপারিনটেন্ডেন্ট অব পুলিশ (এএসপি)দের সমাপনী কুচকাওয়াজে বক্তৃতা করছিলেন। স্বরাষ্ট্র সচিব আবদুল করিম ও পুলিশের মহাপরিদর্শক (আইজি) নূর মোহাম্মদ প্রধান উপদেষ্টাকে প্যারেড গ্রাউন্ডে স্বাগত জানান।

একটি অশ্বারোহী ব্যাটালিয়নসহ পুলিশ কর্মকর্তাদের ৮টি চৌকস দল প্রধান উপদেষ্টাকে গার্ড অব অনার প্রদান করেন। প্রধান উপদেষ্টা একটি খোলা জিপে চড়ে প্যারেড পরিদর্শন করেন। এএসপি এলিজা শারমিন প্যারেড কমান্ডারের দায়িত্ব পালন করেন এবং ১৯২ জন এএসপি প্যারেডে অংশ নেন।

ধর্মচিন্তা
মহিলা অঙ্গন
আনন্দ বিনোদন
মহানগর
স্বাস্থ্য পরিচর্যা
ক্যাম্পাস
টেলিকম
কর্পো্রেট
ক্যারিয়ার
তরুণকণ্ঠ

পুলিশ সংস্কার প্রকল্পের উল্লেখে প্রধান উপদেষ্টা বলেন, মহানগর ও মডেল থানাগুলোতে সার্ভিস ডেলিভারি সেন্টার খোলা হয়েছে। মহিলাদের জন্য ভিকটিম সাপোর্ট সেন্টার ও স্থানীয় লোকদের জন্য মাসিক 'ওপেন ডে' ব্যবস্থা চালু করা হয়েছে এবং এসব কিছু জনগণের ইতিবাচক সাড়া পেয়েছে। প্রধান উপদেষ্টা আশা প্রকাশ করেন যে, সরকার প্রয়োজনীয় আইন সংশোধন, প্রশিক্ষণের মান উন্নয়ন ও সকল স্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে এবং প্রয়োজন ও সামর্থ্য অনুযায়ী সুযোগ-সুবিধা বৃদ্ধিতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করায় পুলিশ বাহিনী জনগণের প্রত্যাশা পূরণে সক্ষম হবে।

ড. ফখরুদ্দীন আহমদ বলেন, পুলিশের ইতিবাচক ও নিরপেক্ষ ভূমিকা পালনের ফলে সাম্প্রতিক দিনগুলোতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি অতীতের যেকোন সময়ের তুলনায় উন্নত হয়েছে। জনগণের কল্যাণের ওপর গুরুত্ব আরোপ করে সরকার বিভিন্ন সংস্থার সেবার মান উন্নয়নের চেষ্টা করে যাচ্ছে। তিনি বলেন, সরকারের আইন-কানুন ও বিধি-বিধান সময়োপযোগী করে সংশোধনের পদক্ষেপ নেয়া হয়েছে। জনগণ একটি সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ প্রত্যাশা করে উল্লেখ করে তিনি বলেন, পুলিশ কর্মকর্তাদের জাতির কল্যাণকে অগ্রাধিকার দিতে হবে।

প্রধান উপদেষ্টা বলেন, বিশ্বের বিভিন্ন প্রান্তে জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীতে কর্মরত পুলিশ বাহিনীর সদস্যরা দেশের জন্য সুনাম কুড়িয়েছেন। স্বাধীনতাযুদ্ধে পুলিশ বাহিনীর উজ্জ্বল ভূমিকার কথা উল্লেখ করে তিনি বলেন, হামলার একেবারে শুরুতেই পাকিস্তানি দখলদার বাহিনীকে পুলিশ বাহিনী রাজারবাগ পুলিশ লাইনে প্রতিরোধ করে এবং পরবর্তীতে তারা সারাদেশে স্বাধীনতাযুদ্ধে অংশ নেয়।

ডিআইজি মামুন মাহমুদ ও রাজশাহী বিভাগের পুলিশ কমিশনার শাহ আবদুল মজিদসহ পুলিশ বাহিনীর শহীদদের স্মৃতির প্রতি তিনি গভীর শ্রদ্ধা জানান। প্রধান উপদেষ্টার কার্যালয়ের ভারপ্রাপ্ত সচিব কাজী আমিনুল ইসলাম, প্রধান উপদেষ্টার প্রেস সচিব সৈয়দ ফাহিম মুনায়েম, বগুড়ার এরিয়া কমান্ডার মেজর জেনারেল শামীম চৌধুরী ও ঊর্ধ্বতন কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

কৃষি পুনর্বাসন কার্যক্রম উদ্বোধন

দেওয়ানগঞ্জ (জামালপুর) থেকে সংবাদদাতা জানান, প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ বলেছেন, ত্রাণ নয় পুনর্বাসন কাজেই বেশি গুরুত্ব দিতে হবে। এবার ত্রাণ কাজে কোন দুর্নীতি হচ্ছে না, এটি একটি মাইল ফলক হয়ে থাকবে। প্রধান উপদেষ্টা রবিবার জামালপুরের দেওয়ানগঞ্জে বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষক ও মৎস্যচাষীদের মাঝে সার, সবজি বীজ, ধানের চারা ও মাছের পোনা বিতরণ এবং কৃষক ও মৎস্যচাষীদের সাথে মতবিনিময় অনুষ্ঠানে এসব কথা বলেন। এবারের বন্যায় দুর্যোগ কাটিয়ে উঠার জন্য কৃষকদের ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, কৃষকরা শুধু প্রশাসনের দিকে না তাকিয়ে থেকে নিজেরাই নিজেদের সংকট মোকাবিলায় চেষ্টা করছে। শুধু এ জেলাতেই ৩ কোটি ৮১ লাখ টাকা গৃহ নির্মাণের জন্য বরাদ্দ করা হয়েছে। তিনি স্থানীয় প্রশাসনকে যত দ্রুত সম্ভব যাচাই-বাছাই করে এ টাকা ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণের নির্দেশ দেন। উপজেলা পরিষদ মিলনায়তনে জেলা প্রশাসক আব্দুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় স্থানীয় কৃষক মতিউর রহমান, তোতা মিয়া এবং মৎস্যচাষী শাহজালাল ভুট্টু মিয়া তাদের সমস্যার কথা তুলে ধরে

বক্তব্য রাখেন। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন বিভাগীয় কমিশনার ইকরাম আহম্মেদ, প্রধান উপদেষ্টার প্রেস সচিব ফাহিম মুনায়েম, ব্রিগেডিয়ার জেনারেল আবু মুসা শারফ উদ্দিন, লেঃ কর্নেল আবু হেনা মোস্তফা। এরপর প্রধান উপদেষ্টা বিকালে জিল বাংলা সুগার মিলস্ রেস্ট হাউজে জেলা বন্যা পরবর্তী পুনর্বাসন কার্যক্রম সমন্বয় ও তদারকি কমিটির কর্মকর্তা ও ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় করেন।

আগের সংবাদ পরের সংবাদ

প্রিন্ট ই-মেইল হেল্প টিপস্

বাংলা দেখা না গেলে বা ফন্ট সম্পর্কিত সমস্যার জন্য এখানে ক্লিক করুন

The Daily Ittefaq - Established: 24th December, 1953.
Privacy Policy | Feedback | Contact Us

সম্পাদক ঃ আনোয়ার হোসেন। ভারপ্রাপ্ত সম্পাদক ঃ রাহাত খান। ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিমিটেড-এর পক্ষে আনোয়ার হোসেন কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, ১নং রামকৃষ্ণ মিশন রোড, ঢাকা-১২০৩ থেকে মুদ্রিত ও প্রকাশিত। ফোন ঃ পিএবিএক্স-৭১২২৬৬০। ফ্যাক্স ঃ ৮৮০-২-৭১২২৬৫১-৫৩।